



বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট)

Bangladesh Legal Aid and Services Trust (BLAST)

প্রেস বিজ্ঞপ্তি

কোনরকম আইনী জটিলতা ও আর্থিক সক্ষমতার বিষয়টি গণ্য না করে সকল সরকারী, বেসরকারী হাসপাতাল ও ক্লিনিককে সড়ক দুর্ঘটনায় আহত ব্যক্তিদের জরুরী চিকিৎসা সেবা নিশ্চিত করা এবং সহায়তাকারীর সুরক্ষা প্রদান বাধ্যতামূলক - মহামান্য হাইকোর্টের রায়

আজ ৮ই আগস্ট ২০১৮ মহামান্য হাইকোর্ট বিভাগের বিচারপতি সৈয়দ রেফাত আহমেদ এবং বিচারপতি ফরিদ আহমেদের সমন্বয়ে গঠিত ডিভিশন বেঞ্চ আদালতের নির্দেশনার আলোকে স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়ের প্রস্তুতকৃত (সড়ক দুর্ঘটনায় আহত ব্যক্তির জরুরী স্বাস্থ্যসেবা নিশ্চিতকরণ ও সহায়তাকারীর সুরক্ষা প্রদান নীতিমালা, ২০১৮) ২ টি পর্যবেক্ষণসহ কার্যকর করার জন্য অনুমোদন প্রদান করেছেন। আদালত এই মর্মে পর্যবেক্ষণ দেন যে, নীতিমালার ৯.১ এ শৈল্য চিকিৎসায় সম্মতি প্রদানের ক্ষেত্রে এ সংক্রান্ত যে নীতিটি রয়েছে আন্তর্জাতিক মানের আলোকে আবেদনকারীর পক্ষে আদালতে পেশকৃত সুপারিশ অনুযায়ী তা পরিবর্তন করতে হবে। নীতিমালার ১৬ নং নীতিতে সরকারী ও বেসরকারী হাসপাতালের জরুরী বিভাগের অবকাঠামো, জনবল এবং যন্ত্রপাতির তালিকা নির্ধারণ এবং এই নীতিমালা কার্যকর করার লক্ষ্যে সরকার অবকাঠামোগত ও প্রয়োজনীয় সেবা সুবিধার শর্ত সম্বলিত অ্যান্মুলেস ব্যবহার সংক্রান্ত প্রয়োজনীয় নির্দেশনা জারির বিষয়টি এই নীতিমালা কার্যকর হওয়ার ৬ মাসের মধ্যে সম্পন্ন করতে হবে। আদালত এই মর্মে নির্দেশনা দেন যে, স্বাস্থ্য মন্ত্রণালয় লিখিত রায় প্রাপ্তির ২ মাসের মধ্যে উক্ত পর্যবেক্ষণ দুটি নীতিমালায় অন্তর্ভুক্ত করে নীতিমালাটি গেজেট নোটিফিকেশনের মাধ্যমে সকল প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রচারের মাধ্যমে জনগণকে অবহিত করবেন। মহামান্য আদালত আরও নির্দেশনা দেন যে, এ সংক্রান্ত উপযুক্ত আইন প্রণয়ন না হওয়া পর্যন্ত এই নীতিমালাটি আইন হিসেবে কার্যকর হবে।

এই নীতিমালার আলোকে এখন থেকে সকল সরকারী, বেসরকারী হাসপাতাল ও ক্লিনিক কোনপ্রকার আইনী জটিলতা আর্থিক সক্ষমতার বিষয়টি গণ্য না করে সড়ক দুর্ঘটনায় আহত ব্যক্তিকে জরুরী স্বাস্থ্যসেবা প্রদান করতে বাধ্য থাকবে। উল্লেখ্য যে, সড়ক দুর্ঘটনায় আহত ব্যক্তিকে সহায়তাকারীর (গুড সামারিটান) সকল প্রকার সুরক্ষা এই নীতিমালায় নিশ্চিত করা হয়েছে।

এ ঘটনায় সংবিধানের অনুচ্ছেদ, ২৭, ৩১ ও ৩২ ও মেডিকেল ব্যবস্থা এবং বেসরকারী ক্লিনিকসমূহ ও ল্যাবরেটরী অর্ডিন্যান্স ১৯৮২ এর ধারা ৮, ১১ এবং বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল আইন ১৯৮০ এর ধারা ৫(ক) এর লংঘন বলে মামলার আবেদনে উল্লেখ করা হয়।

আবেদনকারীর পক্ষে মামলাটি পরিচালনা করেন আইনজীবী সারা হোসেন এবং তাকে সহযোগিতা করেন ব্যারিস্টার অনিতা গাজী রহমান, ব্যারিস্টার রাসনা ইমাম এবং এডভোকেট শারমিন আক্তার। রাষ্ট্র পক্ষে ছিলেন ডেপুটি এটর্নি জেনারেল কাজী জিনাত হক এবং এসিস্ট্যান্ট এটর্নি জেনারেল জাকির হোসেন।

শ্রেণীপট

গত ১০ ফেব্রুয়ারী, ২০১৬ ব্লাস্ট সহ সৈয়দ সাইফুদ্দিন কামাল, ব্যবস্থাপনা পরিচালক, তরুর দায়েরকৃত একটি রিট মামলার প্রেক্ষিতে সড়ক দুর্ঘটনায় মারাত্মক আহত ব্যক্তিদের জরুরী চিকিৎসা সেবা প্রদান করতে বিভিন্ন হাসপাতালের অস্বীকৃতি জানানোর ফলে জনৈক ব্যক্তির মৃত্যুতে স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়ের সচিব, পরিবহন ও সেতু মন্ত্রণালয় এবং স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালকে মারাত্মক আহত ব্যক্তির জরুরী চিকিৎসা সেবা কেন প্রদান করা হবে না মর্মে মহামান্য আদালত নির্দেশনা জারি করেন। আদালত জাতীয় সড়ক নিরাপত্তা সংক্রান্ত কর্মপরিকল্পনা ২০১৪-১৬ অনুযায়ী রাষ্ট্রের সকল হাসপাতালে ও স্বাস্থ্যসেবা কেন্দ্রে জরুরী চিকিৎসা সেবার ক্ষেত্রে কি ধরনের ব্যবস্থা নেয়া হয়েছে তার একটি অগ্রগতি প্রতিবেদন তিন মাসের মধ্যে আদালতে দাখিল করার নির্দেশ প্রদান করেন। পাশাপাশি সচিব, স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়, সচিব, পরিবহন ও সেতু মন্ত্রণালয় এবং স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালককে জরুরী চিকিৎসা সেবা প্রদান এবং চিকিৎসা প্রাপ্তিতে বাধাপ্রাপ্ত হলে ক্ষতিগ্রস্ত ব্যক্তি কোথায় অভিযোগ দাখিল করবে সে বিষয়ে নীতিমালা তৈরী ও এ বিষয়ে গণমাধ্যমে সচেতনতা তৈরী করতে নির্দেশ প্রদান করেন। এছাড়া আদালত স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়ের সচিব ও স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালককে দুর্ঘটনাজনিত কারণে আঘাতপ্রাপ্ত কোন ব্যক্তিকে জরুরী চিকিৎসা সেবা দেয়ার জন্য দুর্ঘটনাস্থলে উপস্থিত কোন ব্যক্তি যদি সাহায্যের জন্য এগিয়ে আসে তবে তাদের সুরক্ষার জন্য একটি নির্দেশনা তৈরী করার আদেশ দেন।

বার্তা প্রেরক: মাহবুবা আক্তার,

উপ- পরিচালক (এডভোকেসী এন্ড কমিউনিকেশন), ব্লাস্ট,

মোবাইল নং: ০১৭৭৬০৬০১১৩

প্রয়োজনে যোগাযোগ করুন:

এডভোকেট শারমিন আক্তার [ফোন : ০১৯৫৫২৮৪০৯৪ ইমেইল : sharmin1@blast.org.bd]

ব্যারিস্টার অনিতা গাজী রহমান [ফোন: ০১৭১৩০৩৬৯১৭ ইমেইল: anita@legalcirclebd.com]

ব্যারিস্টার রাসনা ইমাম [ফোন : ০১৭১৪১৩৬০৭১ ইমেইল: rashna.imam@akhtarimam.com]